

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৮.১৭.

তারিখ: ১০ বৈশাখ ১৪২৫  
২৩ এপ্রিল ২০১৮

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব ওয়াহিদা মুন (২১৯৬১), প্রভাষক (ইসলামী শিক্ষা), টংগী সরকারি কলেজ, গাজীপুর গত ২৮/০২/২০১৫ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং আপনার স্থায়ী ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হলে আপনি বিদেশ থাকেন মর্মে ফেরত আসে;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি বিধি অনুযায়ী তদন্ত করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ‘ডিজারশন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব ওয়াহিদা মুন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালা ৪(৩)(ডি) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-

তারিখ: ১৯.০৪.২০১৮  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

জনাব ওয়াহিদা মুন (২১৯৬১)  
প্রভাষক (ইসলামী শিক্ষা), টংগী সরকারি কলেজ, গাজীপুর।  
স্থায়ী ঠিকানা:  
জনাব ওয়াহিদা মুন  
পিতা- মো: ওমর আলী  
মাতা- মৃত রওশন আরা বেগম  
গ্রাম-কেশুড়া ডাকঘর: ঘিওর  
থানা-ঘিওর, জেলা-মানিকগঞ্জ।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৮.১৭.

২০/৪/১৮(২)

তারিখ: ১০ বৈশাখ ১৪২৫  
২৩ এপ্রিল ২০১৮

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩/৪/১৮  
(মুর্শিদা শারমিন)  
উপসচিব